

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
তাড়াইল, কিশোরগঞ্জ
www.tarail.kishoreganj.gov.bd

তাড়াইল উপজেলা আইন-শৃংখলা কমিটির সভার কার্যবিবরণী:

সভাপতি : নাজমুল হক আকন্দ
ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ,
তাড়াইল, কিশোরগঞ্জ।
সময় : ২২/১২/২০২১ খ্রি., সকাল: ১২.৩০ ঘটিকা।
স্থান : উপজেলা পরিষদ মিলনায়তন, তাড়াইল

সভায় উপস্থিত এবং অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা 'ক' তে প্রদর্শিত হলো:

উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভাপতির অনুমতিক্রমে উপজেলা নির্বাহী অফিসার, তাড়াইল, কিশোরগঞ্জ সভার পরিচালনার দায়িত্ব পালন করেন। সভায় বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হলে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত করা হয়। উপজেলা নির্বাহী অফিসার জানান যে, বর্তমানে দেশে করোনা ভাইরাস অমিক্রনের প্রাদুর্ভাবে দেশে আইন-শৃংখলার কোনরূপ অবনতি না হয় সেদিকে সজাগ দৃষ্টি রাখতে পাশাপাশি মোবাইল কোর্টের মাধ্যমে দ্রব্যমূল্যের উর্দ্ধগতি রোধসহ অতিপ্রয়োজনীয় পণ্য সামগ্রী মূল্যের যাতে বৃদ্ধি না পায় সে জন্য বাজার পরিদর্শন, ভ্রাম্যমান আদালত কার্যক্রম অব্যাহত রাখতে হবে। এ বিষয়ে সকল সদস্য সজাগ দৃষ্টি রাখার জন্য অনুরোধ জানানো হয়। সভায় এ ব্যাপারে বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে সর্বসম্মতিক্রমে এ সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(নাজমুল হক আকন্দ)
ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ

ও

সভাপতি

উপজেলা আইন-শৃংখলা কমিটি
তাড়াইল, কিশোরগঞ্জ।

তারিখ: ২২ ডিসেম্বর, ২০২১ খ্রি.

স্মারক নং-০৫.৪১.৪৮৯২.০০০.০০.০০.২০২১-

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:

- ১। জেলা প্রশাসক, কিশোরগঞ্জ।
- ২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, তাড়াইল, কিশোরগঞ্জ।
- ৩। অফিস কপি।

(লুবনা শারমীন)

উপজেলা নির্বাহী অফিসার

ও

সদস্য সচিব

উপজেলা আইন-শৃংখলা কমিটি
তাড়াইল, কিশোরগঞ্জ।